# FRONT PAGE ACADEMY

**Boys' & Girls'**




# Prospectus

## 2027

Dewanati, Haroa Road Rail Station,
Hadipur, Deganga, North 24 Parganas - 743424

: 9564900114 / 9732818688

: frontpageacademy2010@gmail.com

: Front Page Academy

VISIT ▶ **fpfedu.org**

# চেয়ারম্যানের কলমে...



**মুহাম্মদ কামরুজ্জামান**

প্রিয় সুধী,

আসসালামু আলাইকুম। মহান আল্লাহর সাহায্য আর মানুষের ভালোবাসাকে সম্বল করে ফ্রন্টপেজ অ্যাকাডেমি সাফল্যের সঙ্গে ১৬টি বছর অতিক্রম করল। সমাজের প্রতি আমরা অনেকটাই দায়বদ্ধ। সেই দায়িত্ববোধ থেকেই প্রতিটি সন্তানকে দেশের সুনাগরিক এবং আদর্শ ও মূল্যবোধ সম্পন্ন মানুষে পরিণত করাই আমাদের লক্ষ্য। সেই লক্ষ্যে পৌঁছাতেই নার্সারি থেকে উচ্চ-মাধ্যমিক পর্যন্ত নিপুণভাবে শিক্ষা পরিষেবা প্রদানের সবরকম প্রচেষ্টা গ্রহণ করা হয়েছে। এই প্রচেষ্টায় খুশি ছাত্রছাত্রী থেকে অভিভাবক, শিক্ষক থেকে শিক্ষাকর্মী সকলেই।

বর্তমান দিনে চতুর্দিকে অগণিত শিক্ষা প্রতিষ্ঠান। সরকারি সুযোগ-সুবিধাও কম নয়। কিন্তু প্রায় সবই সার্টিফিকেট সর্বস্ব। রবীন্দ্রনাথের ভাষায় বলতে হয়- ‘‘শিক্ষাকে কেবল বহন করিয়াই চলিলাম, বাহন করিতে পারিলাম না’’। তাই আমরা এমন গুণমান সম্পন্ন শিক্ষা প্রদান করতে চাই, যে শিক্ষাকে বাহন করে ফ্রন্টপেজ অ্যাকাডেমির ছাত্রছাত্রীরা সমাজ বা দেশ তথা পৃথিবীর ফ্রন্টলাইনে নিজেদের স্থান করে নেবে।

**John Dewy**-র ভাষায় ***“School is the miniature form of society”***। তাই সুনিয়ন্ত্রিত, সুগঠিত সুসমাজ বা দেশ তথা সর্বাত্মক সুন্দর পৃথিবী গঠনের লক্ষ্যে শিশু শিক্ষার্থীকে সুষম সঠিক সুশিক্ষা প্রদান অত্যন্ত প্রয়োজনীয়, যা আমাদের অন্যতম দায়িত্ব ও কর্তব্য।

বিশ্বজুড়ে আজ মূল্যবোধ শিক্ষার বড়ই অভাব। আদর্শ ও মূল্যবোধ বিবর্জিত পাঠক্রমের মাধ্যমে অধিকাংশ আধুনিক শিক্ষায় শিক্ষিত ছেলেমেয়েরা সমাজের সম্পদ হওয়ার পরিবর্তে আত্মকেন্দ্রিক মানুষে পরিণত হচ্ছে। আমরা তাই শুরু থেকেই সাধারণ পাঠক্রমের সঙ্গে আদর্শ ও মূল্যবোধের শিক্ষাকে গুরুত্ব দিয়েই সংযোজন করেছি। এছাড়াও ইসলামের মৌলিক শিক্ষা ও পবিত্র কোরআন পড়ানোর পাশাপাশি জামাতের সঙ্গে পাঁচ ওয়াক্ত নামাজ সযত্নে আদায় করা হয়।

প্রতিটি শিশুকে দেখাতে হবে স্বপ্ন, জাগাতে হবে আত্মবিশ্বাস, বোঝাতে হবে সাফল্যের চাবি হলো নিরলস পরিশ্রম। এ কাজের আনজাম দেওয়ার জন্য আমাদের পাশে আছেন অভিজ্ঞ শিক্ষক-শিক্ষিকামণ্ডলী। আর আমরা আছি ভালোবাসার আঁচলের ছায়া তলে রেখে প্রতিটি সন্তানকে শ্রদ্ধাপরায়ণ ও সুনাগরিক গড়ে তুলতে। মহান সৃষ্টিকর্তার সাহায্য, আপনাদের ভালোবাসা আর আমাদের নিরলস প্রচেষ্টা দিয়ে সাফল্যের বিষয়ে আমরা আত্মবিশ্বাসী।

আল্লাহ হাফেজ।

**নৈতিক ও মূল্যবোধ শিক্ষা:**

আধুনিক শিক্ষার পাশাপাশি ইসলামিক শিক্ষা-সংস্কৃতিই হল আদর্শ জীবন গড়ার অন্যতম শ্রেষ্ঠ পথ, যা আমাদের শিক্ষা প্রতিষ্ঠানের একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ অংশ।

## Our other Institutions

FRONT PAGE College of Education (B.Ed)
FRONT PAGE College of Pharmacy (D. Pharm)
FRONT PAGE School of Education (D.El.Ed)
FRONT PAGE Public School (C.B.S.E)
FRONT PAGE Child Academy (K.G)
FRONT PAGE Creative Kids (HAUNA: English Medium)

শিক্ষার উৎকর্ষ সাধনের লক্ষ্যে এবং প্রতিষ্ঠানকে আরও বৃহত্তর আঙ্গিকে নিয়ে যাওয়ার জন্য ক্যাম্পাসের মধ্যে একটি B.Ed College খোলা হয়েছে ২০১২-১৩ শিক্ষাবর্ষ থেকে। ২০১৪-১৫ শিক্ষাবর্ষ থেকে D.El.Ed কোর্সের পৃথক আরো একটি কলেজ শুরু হয়েছে। যেখানে পড়ুয়াদের প্রশিক্ষণ প্রদান করে আগামী দিনের সুশিক্ষক হিসাবে গড়ে তোলা হয়। সব পড়ুয়ার হাতে কাজের সুযোগ তুলে দিতে ২০২৫-২৬ শিক্ষাবর্ষ থেকে D Pharm কোর্স চালু হয়েছে।




# Front Page Academy (Boys' & Girls')

## অ্যাকাডেমির লক্ষ্য

শিক্ষা ব্যতীত কোন জাতি তার সর্বাঙ্গীন বিকাশ সাধন করতে পারে না, তবে সে শিক্ষা অবশ্যই মূল্যবোধ সম্পন্ন কর্মমুখী শিক্ষা হওয়া উচিত। তাই উচ্চ শিক্ষিত সমাজ দরদী ও বাস্তবনিষ্ঠ কিছু মানুষের ঐকান্তিক ইচ্ছায়, সৎ প্রচেষ্টায় ও নিরলস পরিশ্রমে গড়ে উঠেছে স্বপ্নের শিক্ষা প্রতিষ্ঠান 'ফ্রন্টপেজ অ্যাকাডেমি'। শিক্ষা, স্বাস্থ্য ও মূল্যবোধের মূল্যায়নের মধ্য দিয়ে প্রতিষ্ঠান ১৮তম বছরে পদার্পণ করেছে।

আজকের শিশু আগামী দিনের সুনাগরিক— এই ভাবনায় এখানে নার্সারি থেকে পঠন-পাঠন শুরু করা হয়েছে। যাতে শিশুর মনে প্রথম থেকেই তার ভবিষ্যত জীবনে 'ফ্রন্টপেজে' এসে দাঁড়ানোর মতো সৎ সাহস ও যোগ্যতা অর্জিত হয়। পঞ্চম থেকে দ্বাদশ শ্রেণি পর্যন্ত বালক ও বালিকা বিভাগ চালু রয়েছে। একাদশ শ্রেণি থেকে বিজ্ঞান বিভাগকে বিশেষ দৃষ্টিতে ছাত্র-ছাত্রীদের তৈরি করার প্রচেষ্টা আছে, যাতে তারা রাজ্য ভিত্তিক ও সর্বভারতীয় বিভিন্ন পরীক্ষাতে সহজে সাফল্য পেতে পারে। আসলে প্রতিষ্ঠানের স্বপ্ন তার সৈনিকরা সমাজজীবনে ফ্রন্টপেজে এসে দাঁড়াক।

# প্রতিষ্ঠানের মুখ্য বিষয়সমূহ:

## পাঠ্যক্রম:

এখানে পশ্চিমবঙ্গ মধ্যশিক্ষা পর্ষদের এবং উচ্চমাধ্যমিক শিক্ষা সংসদের সিলেবাস অনুসৃত হয়। লেখাপড়ার মাধ্যম বাংলা হলেও ইংরেজি শেখানোর উপর বিশেষ গুরুত্ব দেওয়া হয়।ইংরেজি লেখা ছাড়াও ছাত্র-ছাত্রীরা যাতে ইংরেজিতে কথা বলতেও পারে তার ব্যবস্থা আছে। উচ্চমাধ্যমিক বিভাগের জন্য বিজ্ঞান বিভাগের ক্ষেত্রে বাংলা প্রথম ভাষা (First Language) ও ইংরেজি দ্বিতীয় ভাষা (Second Language) এবং Elective Subject-এর মধ্যে বিজ্ঞান বিভাগে Physics, Chemistry, Mathematics ও Biology বিষয়গুলিকে রাখা হয়েছে উচ্চতর শিক্ষা অর্জনের ক্ষেত্রে সুবিধা পাওয়ার লক্ষ্যে।

## পরীক্ষা ব্যবস্থা:

শিক্ষাবর্ষ তিনটি পর্বে (Term) বিভক্ত।
প্রথম পর্বের পরীক্ষা — ৪০ নম্বরের (লিখিত)।
দ্বিতীয় পর্বের পরীক্ষা — ৬০ নম্বরের (লিখিত)।
তৃতীয় পর্বের পরীক্ষা — ১০০ নম্বরের (৯০ লিখিত)।
বাকি ১০ নম্বর থাকবে Internal Formative Evaluation থেকে। যার মধ্যে বিবেচিত হবে- Attendance, Behavior, ALT, Surprise Test, Class Test etc. ।

## প্রগতিপত্র:

প্রতিটি Term Test-এর Progress Report দেওয়া হয়।অভিভাবক ওই Progress Report-এ স্বাক্ষর করে আবার স্কুলের অফিসে জমা দেন।

## বিদ্যালয়ের পোশাক:

ছাত্র-ছাত্রীদের সুস্থ রুচিশীল এবং চালচলনে সাবলীল করার জন্য পরিষ্কার পরিচ্ছন্ন সুন্দর পোশাক অপরিহার্য।এ মর্মে ছাত্রদের কালো প্যান্ট, সাদা হাফ শার্ট, কালো বেল্ট, কালো জুতো ও কালো ব্লেজার (শুধু শীতকালে) ও ছাত্রীদের হালকা সবুজ চেকের কামিজ, সবুজ সালোয়ার, সবুজ ওড়না, সবুজ রঙের সোয়েটার স্কুলের ইউনির্ফম হিসাবে নির্দিষ্ট করা হয়েছে।

## নিয়মানুবর্তিতা:

স্কুলের প্রতিটি পদক্ষেপেই সুষ্ঠু নিয়মকানুন আছে এবং তা সম্পাদন করার জন্য স্কুল কর্তৃপক্ষ, শিক্ষক-অশিক্ষক কর্মচারীবৃন্দ, ছাত্র-ছাত্রী ও অভিভাবক সকলেই সচেষ্ট থাকেন। সেশনের শুরুতেই অভিভাবকদের হাতে স্কুলের সারা বছরের কার্যকলাপ সম্বন্ধীয় একটি হ্যান্ড বুক দেওয়া হয় এবং অভিভাবকদের তা অনুসরণ করে স্কুলের নিয়ম শৃঙ্খলা সর্বদা যথাযথভাবে মেনে চলতে হয়।

## বিদ্যালয়ের ছুটি:

সরকারি নিয়মে মোট ছুটির সংখ্যা ৬৫ দিন।কিন্তু অ্যাকাডেমিতে কমবেশি মোট ৬০ দিন ছুটি থাকে।এর মধ্যে বছরে মোট বড় ছুটি পাঁচটি— গ্রীষ্মাবকাশ (Summer Vacation), ঈদ-উল-ফিতরের ছুটি (Eid-ul-Fitr Vacation), ঈদ-উল-আজহার ছুটি (Eid-ul-Azha Vacation), পূজাকালীন ছুটি (Puja Vacation) ও শিক্ষাবর্ষ সমাপ্তি ছুটি (Session Break Vacation)।



লাইব্রেরি

## ছাত্র-ছাত্রীদের উপস্থিতি ও ছুটি:

- শারীরিক অসুস্থতা অথবা অনিবার্য কারণ ছাড়া ছাত্র-ছাত্রীদের প্রতিটি ক্লাসে উপস্থিত থাকতে হয়।
- নিকট আত্মীয়ের অসুস্থতা বা দুর্ঘটনা এবং ভাই-বোনের বিবাহের ক্ষেত্রে ছুটি মঞ্জুর করা হয়।
- অনিয়মিত উপস্থিতি, অননুমোদিত অনুপস্থিতি, ক্রমাগত স্কুলে দেরিতে আসা— এসব কারণে অভিভাবকদের প্রথমে জানানো হয়, তারপর সংশোধন না হলে সংশ্লিষ্ট ছাত্র-ছাত্রীর ভর্তি কর্তৃপক্ষ বাতিল করে দিতে পারেন।

## অভিভাবকদের হ্যান্ড বুক:

সেশন শুরুর প্রথম দিনেই প্রত্যেক অভিভাবককে একটি পুস্তিকা (Parents Hand Book) দেওয়া হয়। এটাতে সেশন শুরুর দিন থেকে শেষ দিন পর্যন্ত সারা বছরের স্কুলের কার্যাবলীর বিবরণ (যথা বিভিন্ন পরীক্ষার দিন, পরীক্ষার ফলাফল প্রকাশের দিন, স্কুলের বিভিন্ন অনুষ্ঠানের দিন, বিভিন্ন ছুটিতে ছাত্র-ছাত্রীদের বাড়ি নিয়ে যাওয়ার ও দিয়ে যাওয়ার দিন ও সময় ইত্যাদি) সংক্ষিপ্ত আকারে সুস্পষ্টভাবে উল্লেখ থাকে। অভিভাবকদের সর্বদা এই পুস্তিকা অনুসরণ করতে হয়।

## অভিভাবক - শিক্ষক পর্যালোচনা:

স্কুল নির্দিষ্ট বছরের বিভিন্ন দিনে প্রত্যেক ক্লাসের অভিভাবকদের সঙ্গে আলাদা আলাদা ভাবে অভিভাবক-শিক্ষক মুখোমুখি বসেন। তাঁদের অভাব, অভিযোগ, পরামর্শ তথা সামগ্রিক পর্যালোচনা করার সুযোগ সেখানে আছে। ওই দিনক্ষণ পূর্ব নির্ধারিত এবং অভিভাবকদের হ্যান্ডবুকে সুস্পষ্টভাবে উল্লেখ থাকে। অভিভাবকদের এই পর্যালোচনার দিনে অংশগ্রহণ করা অবশ্য কর্তব্য।

## প্রত্যাহার ও বহিষ্কার:

- শিক্ষাবর্ষের শেষে ছাত্র-ছাত্রীকে প্রত্যাহার করে নিতে চাইলে ১০ অক্টোবরের মধ্যে আবেদন করতে হয়।
- বকেয়া সমস্ত ফি জমা হওয়ার পরে সংশ্লিষ্ট শিক্ষার্থীর Transfer Certificate দেওয়া হয়।
- শিক্ষাবর্ষের মধ্যে প্রত্যাহারের ক্ষেত্রে একমাস আগে লিখিতভাবে আবেদন করতে হবে।
- দুর্ব্যবহার, অনৈতিক ক্রিয়াকলাপ, স্কুল ফি অনাদায়, স্কুলের বিধিভঙ্গ- প্রভৃতি কারণে কোনও ছাত্র-ছাত্রীকে বহিষ্কার করা হতে পারে।

## বিদ্যালয়ের ফি:

- স্কুলের ফি সংক্রান্ত একটি সারণি (Fee Structure) প্রসপেক্টাসের সঙ্গেই দেওয়া আছে।
- ভর্তির সময় ভর্তি ফি, সেশন চার্জ, পরীক্ষার ফি, খেলাধূলার ফি ইত্যাদি একত্রে নেওয়া হয়।
- প্রত্যেক মাসের ফি সেই মাসের ১৫ তারিখের মধ্যে অবশ্যই জমা করতে হয়।
- কোনও ফি জমা দেওয়ার পর তা আর ফেরত দেওয়া হয় না।
- এছাড়া প্রতি বছর নতুন সেশন শুরুর সময় Re-Admission Fee জমা দিতে হয়।
- প্রতি বছর নতুন সেশন শুরুর সময় স্কুলের মাসিক ফি প্রত্যেক ছাত্র-ছাত্রীদের ২০০/৩০০ টাকা বাড়বে।
- প্রতি সেশনে জানুয়ারি থেকে ডিসেম্বর অর্থাৎ ১২ মাসেরই ফিজ প্রদান করতে হয়।



## বিদ্যালয়ের ফি অনাদায়:

- সংশ্লিষ্ট মাসের ফি ১৫ তারিখের মধ্যে জমা না করলে প্রতিদিন ১০ টাকা করে 'লেট ফাইন' দিতে হয়।
- দু-মাসের বেশি ফি বকেয়া থাকলে সংশ্লিষ্ট ছাত্রকে পরীক্ষায় বসতে দেওয়া নাও হতে পারে।

## সহ পাঠক্রমিক কার্যক্রম:

লেখাপড়ার সঙ্গে জড়িত বিভিন্ন আনুষাঙ্গিক কার্যকলাপকে সহপাঠক্রমিক কার্যক্রম হিসাবে গুরুত্ব দেওয়া হয়। ছাত্র-ছাত্রীদের শারীরিক ও মানসিক বিকাশের লক্ষ্যে বিভিন্ন রকমের ইনডোর, আউটডোর গেমস (Indoor & Outdoor Games) এবং সমৃদ্ধ পাঠাগারের ব্যবস্থাপনা আছে।

## বহির্পাঠ্য কার্যক্রম:

অন্তর্নিহিত স্বকীয়তা ও বিভিন্ন বিষয়ে দায়িত্ব নেওয়ার ক্ষমতা আবিষ্কার করার মাধ্যমে নিজেদের উপর আস্থা অর্জনের জন্য এবং বিভিন্ন ক্ষেত্রে নিজেদের যোগ্যতা প্রমাণ করার জন্য ছাত্র-ছাত্রীদের বিভিন্ন বর্হিপাঠ্য কার্যক্রমে নিয়োজিত রাখা হয়। এই মর্মে বছরের বিভিন্ন সময়ে বিভিন্ন সাংস্কৃতিক অনুষ্ঠান যেমন প্রজাতন্ত্র দিবস, স্বাধীনতা দিবস, শিশু দিবস, নবীন অভ্যর্থনা অনুষ্ঠান পালন করা হয়। এসব অনুষ্ঠানে আবৃত্তি, তাৎক্ষণিক বক্তৃতা, আলোচনা, বিতর্ক, নাটক প্রভৃতির ব্যবস্থাপনা থাকে। এছাড়াও বছরের বিভিন্ন সময়ে ধারাবাহিক ভাবে দেওয়াল পত্রিকা প্রকাশিত হয়।

## ছাত্র-ছাত্রী ভর্তির নিয়মাবলী:

- ভর্তির জন্য নির্দিষ্ট আবেদন পত্রে (Application Form) আবেদন করতে হয়। যেটির বিবরণ প্রসপেক্টাসের সঙ্গে আছে।
- প্রসপেক্টাস সহ ফর্মের দাম ১০০/- (একশো) টাকা।
- ভর্তি পরীক্ষার সিলেবাস নিম্নে উল্লিখিত।
- ছাত্র-ছাত্রীদের নির্বাচন প্রক্রিয়া লিখিত ও মৌখিক পরীক্ষার মাধ্যমে সম্পন্ন করা হয়।
- ভর্তির ফর্ম পশ্চিমবঙ্গের বিভিন্ন জেলায় বিভিন্ন জায়গায় দেওয়া হয় যার একটি সারণি প্রসপেক্টাসের সঙ্গে দেওয়া আছে।
- ছাত্র-ছাত্রীদের ভর্তির পরীক্ষাও জেলার বিভিন্ন জায়গায় নেওয়ার ব্যবস্থা আছে। তারও একটি সারণি এর সঙ্গে দেওয়া আছে।

## দুঃস্থ অথচ মেধাবী ছাত্র-ছাত্রী ভর্তির নিয়মাবলী:

- দুঃস্থ অথচ মেধাবী ছাত্র-ছাত্রীদের মেধার ভিত্তিতে ১০ শতাংশ আসন সংরক্ষণ করা আছে।
- সংরক্ষণের আবেদনের সময় সর্বোচ্চ সত্যতা ও সততার পরিচয় প্রয়োজন।



সাধারণতন্ত্র দিবসে ছাত্ররা

## ভর্তি সম্পর্কে অন্যান্য তথ্য: সেশন ২০২৭

| | | |
|---|---|---|
| ভর্তি নেওয়া হবে | : | পঞ্চম থেকে নবম শ্রেণি (ছাত্র ও ছাত্রী) |
| ফর্ম দেওয়া হবে | : | ১৯ জুলাই ২০২৬ রবিবার থেকে। |
| ফর্ম জমা নেওয়ার শেষ দিন | : | ৪ অক্টোবর ২০২৬ রবিবার। |
| প্রবেশিকা পরীক্ষা | : | ১১ অক্টোবর ২০২৬ রবিবার বেলা ১২টায় (পঞ্চম থেকে নবম শ্রেণি) |
| ফলাফল প্রকাশিত হবে | : | ১৬ অক্টোবর ২০২৬ শুক্রবার। |
| সাক্ষাৎকার ও ভর্তি | : | ২৭ অক্টোবর ২০২৬ মঙ্গলবার থেকে। |
| ক্লাস শুরু | : | ৪ জানুয়ারি ২০২৭ সোমবার। |



# ভর্তি পরীক্ষার সিলেবাস:

## পঞ্চম শ্রেণি

পূর্ণমান ১০০ (বাংলা - ২৫, ইংরেজী - ২৫, গণিত - ২৫, সাধারণ জ্ঞান-বিজ্ঞান ও ইসলাম পরিচিতি - ২৫)

### বাংলা

১. পাঠ্যপুস্তক- পাতাবাহার (চতুর্থ শ্রেণি):

প্রথম পাঠ (সবার আমি ছাত্র) থেকে ষষ্ঠ পাঠ (দূরের পাল্লা) পর্যন্ত।

২. ব্যাকরণ :

ক) স্বরধ্বনি খ) ব্যঞ্জনধ্বনি গ) স্বরসন্ধি ঘ) বাক্যের কথা: কর্তা, কর্ম, ক্রিয়া, উদ্দেশ্য ও বিধেয় ঙ) প্রতিশব্দ।

### English

1. Text Book- Butterfly (Class IV):

Revision Lesson, Lesson 1 (Why is the sky so High) to Lesson 7 (A Dream Journey, (Rhymes are also included mainly for filling in the blanks).

[N.B. : wings (Class- IV) Part- I and Part- II should also be practiced]

2. Reading Comprehension : Unseen

3. Grammar : i) Parts of speech ii) Number iii) Gender iv) Articles v) Preposition- at, in, on, of, for, by, with, from, under, above vi) Tense- Simple Present, Present Continuous, Simple Past and Simple Future.

4. Vocabulary : i) Arranging of letter to make meaningful words ii) Synonyms iii) Opposite words iv) Correction of spelling v) Babies and sounds of different animals and birds.

### গণিত

১. পাঠ্যপুস্তক- আমার গণিত (চতুর্থ শ্রেণি) :

পাঠ্য: তিন, পাঁচ, সাত, আট, দশ, এগারো, বারো, চৌদ্দ, পনেরো, ষোলো, সতেরো, আঠারো, উনিশ, কুড়ি, একুশ, বাইশ, তেইশ, চব্বিশ, পঁচিশ, ছাব্বিশ, সাতাশ, আঠাশ।

### সাধারণ জ্ঞান-বিজ্ঞান ও ইসলাম পরিচিতি

সাধারণ জ্ঞান ও মানসিক পারদর্শিতা, ইসলাম ধর্ম সম্পর্কিত সাধারণ জ্ঞান, সাম্প্রতিক প্রসঙ্গ, খেলাধূলা।

## ষষ্ঠ শ্রেণি

পূর্ণমান ১০০ (বাংলা - ২৫, ইংরেজী - ২৫, গণিত - ২৫, সাধারণ জ্ঞান-বিজ্ঞান ও ইসলাম পরিচিতি - ২৫)

### বাংলা

১. পাঠ্যপুস্তক- পাতাবাহার (পঞ্চম শ্রেণি):

এক: গল্পবুড়ো থেকে আঠারো: তালনবমী পর্যন্ত। (পৃষ্ঠা নম্বর- ১ থেকে ১১৬)।

২. ব্যাকরণ :

ক) ব্যাঞ্জনধ্বনি খ) শব্দ ও পদ গ) লিঙ্গ ঘ) বচন ঙ) পুরুষ চ) বিপরীত শব্দ।

### English

1. Text Book- Butterfly (Class V) : i) Revision Lesson ii) Lesson - 1 (Gandhi the Mahatma) to Lesson- 6 (The Clever Monkey)

2. Reading Comprehension : Unseen

3. Grammar and Vocabulary : i) Noun and its classification ii) Articles iii) Prepositions (at, in, on into, under, with, above, over) iv) Gender v) Tense (Present Indefinite, Present Continuous, Past Indefinite, Past Continuous) vi) Number vii) Types of Sentences viii) Opposite words ix) Translation.

4. Writing : A paragraph writing will be given.

### গণিত

১. পাঠ্যপুস্তক- আমার গণিত (পঞ্চম শ্রেণি) :

পাঠ এক: আগের পড়া মনে করি, পাঠ তিন: কার্ড নিয়ে সহজে হিসাব কষি, পাঠ চার: মিষ্টি মুখ হোক, পাঠ ছয়: সহজে বড়ো সংখ্যার হিসাব করি, পাঠ আট: চৌবাচ্চায় কত জল আছে দেখি, পাঠ নয়: আজ স্কুলবাড়ির একটি জানালায় সবুজ রং দিই, পাঠ দশ: দেশলাই কাঠির খেলা খেলি, পাঠ এগারো: ধাপে ধাপে হিসাব করি, পাঠ তেরো: কাকার সাথে হিসাব করি, পাঠ চৌদ্দ: এমন কিছু আঁকি যা খুব কম জায়গা নেবে, পাঠ সতেরো: ঘনবস্তু দেখি, পাঠ আঠারো: ঐকিক শব্দে অর্থ খুঁজি, পাঠ কুড়ি: গোলাকার পথে কিছু খুঁজি।

### সাধারণ জ্ঞান-বিজ্ঞান ও ইসলাম পরিচিতি

সাধারণ জ্ঞান ও মানসিক পারদর্শিতা, ইসলাম ধর্ম সম্পর্কিত সাধারণ জ্ঞান, সাম্প্রতিক প্রসঙ্গ, খেলাধূলা।

## সপ্তম শ্রেণি

পূর্ণমান ১০০ (বাংলা - ২৫, ইংরেজী - ২৫, গণিত - ২৫, সাধারণ জ্ঞান-বিজ্ঞান ও ইসলাম পরিচিতি - ২৫)

### বাংলা

১. পাঠ্যপুস্তক- সাহিত্যমেলা (ষষ্ঠ শ্রেণি):

ক) পাঠ এক (ভরদুপুরে) থেকে পাঠ কুড়ি (মোরা দুই সহোদর ভাই)। খ) দ্রুত পঠন: হ য ব র ল (সুকুমার রায়) সমগ্র পাঠ্যাংশ।

২. ব্যাকরণ:

ক) সন্ধি। খ) শব্দের গঠন- মৌলিক শব্দ, যৌগিক শব্দ, সাধিত শব্দ, রূঢ় বা রূঢ়ি শব্দ, সংখ্যাবাচক শব্দ, গুণবাচক শব্দ, পূরণবাচক শব্দ। গ) বিভক্তি- ধাতু বিভক্তি, শব্দ বিভক্তি। ঘ) উপসর্গ- সংস্কৃত উপসর্গ, বাংলা উপসর্গ, বিদেশি উপসর্গ।

৩. নির্মিতি অংশ: ক) পত্র রচনা খ) অনুচ্ছেদ রচনা।

### English

1. Text Book- Blossoms (for Class VI) : i) Revision Lesson, ii) Lesson- 1 (It All Began with Drip-Drip) to Lesson- 5 (Land of the Pharaohs).
2. Reading Comprehension : Unseen
3. Grammar and Vocabulary :

   i) Noun and its types ii) Articles iii) Prepositions (at, in, on, into, with, for, from, over, above, under) iv) Gender v) Tense (Present Indefinite, Present Continuous, Present Perfect, Past Indefinite, Past Continuous) vi) Types of sentence vii) Number viii) Forms of verb ix) Opposite words x) Translation.
4. Writing : A paragraph writing will be given.

### গণিত (ষষ্ঠ শ্রেণি)

পাঠ্য পুস্তকের সূচিপত্রে উল্লিখিত অধ্যায় সমূহ: ৫, ৬, ৭, ৮, ৯, ১০, ১২, ১৪, ১৬, ১৭, ১৮, ২০, ২১, ২২

### সাধারণ জ্ঞান-বিজ্ঞান ও ইসলাম পরিচিতি

সাধারণ জ্ঞান ও মানসিক পারদর্শিতা: ইসলাম ধর্ম সম্পর্কিত সাধারণ জ্ঞান, সাম্প্রতিক প্রসঙ্গ, খেলাধূলা।

## অষ্টম শ্রেণি

পূর্ণমান ১০০ (বাংলা - ২০, ইংরেজী - ২০, গণিত - ২০, জীবন বিজ্ঞান - ১৫, ভৌত বিজ্ঞান - ১৫, সাধারণ জ্ঞান ও ইসলাম পরিচিতি - ১০)

### বাংলা

১. পাঠ্যপুস্তক- সাহিত্যমেলা (সপ্তম শ্রেণি) :

ক) প্রথম পাঠ (ছন্দে শুধু কান রাখো) থেকে দশম পাঠ (চিন্তাশীল) পর্যন্ত। খ) দ্রুত পঠন: মাকু (লীলা মজুমদার) সমগ্র পাঠ্যাংশ।

২. ব্যাকরণ: ক) ব্যঞ্জন সন্ধি। খ) বাংলা শব্দ ভান্ডার, তৎসম শব্দ, অর্ধ-তৎসম শব্দ, দেশি শব্দ, বিদেশি শব্দ, মিশ্র শব্দ। গ) বিভক্তি- ধাতু বিভক্তি, শব্দ বিভক্তি। ঘ) নানাবিধ শব্দ- ধ্বনাত্মক শব্দ, অনুকার শব্দ, শব্দদ্বৈত।

৩. নির্মিতি অংশ: ক) পত্র রচনা খ) প্রবন্ধ রচনা।

### English

1. Text Book- Learning English (for Class VII) : Revision Lesson + Lesson 1 to 9 (from the Book of Nature to J. C. Bose : A Beautiful Mind).
2. Comprehension test : An Unseen passage will be given.
3. Grammar and Vocabulary : i) Articles and Prepositions ii) Number iii) Gender iv) Subject, Verb Agreement v) Modal Verbs vi) Participle Adjective vii) Degree change viii) Suffixes and Prefixes ix) Tense : Present, Past, Future, x) Nouns and its types.
4. Writing Skills : Story Writing, Paragraph Writing.

### গণিত

পাঠ্যপুস্তক- গণিত প্রভা (সপ্তম শ্রেণি):

সূচিপত্রে উল্লিখিত অধ্যায় সমূহ: ২, ৩, ৪, ৫, ৬, ৭, ৮, ১০, ১১, ১২, ১৩, ১৪, ১৫, ১৬, ১৭, ১৯, ২০।

### জীবন বিজ্ঞান

পাঠ্য পুস্তক- পরিবেশ ও বিজ্ঞান (সপ্তম শ্রেণি):

ক) মানুষের খাদ্য। খ) পরিবেশ সজীব উপাদানের গঠনগত বৈচিত্র ও কার্যগত প্রক্রিয়া। গ) পরিবেশের সংকট– উদ্ভিদ ও পরিবেশের সংরক্ষণ। ঘ) পরিবেশ ও জনস্বাস্থ্য।

### ভৌত বিজ্ঞান

পাঠ্য পুস্তক- পরিবেশ ও বিজ্ঞান (সপ্তম শ্রেণি):

ভৌত পরিবেশ: 1) তাপ, 2) আলো, 3) চুম্বক, 4) তড়িৎ। সময় ও গতি: পরমাণু, অনু ও রাসায়নিক বিক্রিয়া।

### সাধারণ জ্ঞান-বিজ্ঞান ও ইসলাম পরিচিতি

সাধারণ জ্ঞান ও মানসিক পারদর্শিতা, ইসলাম ধর্ম সম্পর্কিত সাধারণ জ্ঞান, সাম্প্রতিক প্রসঙ্গ, খেলাধূলা।

## নবম শ্রেণি

**পূর্ণমান ১০০ (বাংলা - ২০, ইংরেজী - ২০, গণিত - ২০, জীবন বিজ্ঞান - ১৫, ভৌত বিজ্ঞান - ১৫, সাধারণ জ্ঞান ও ইসলাম পরিচিতি - ১০)**

### বাংলা

১. পাঠ্যপুস্তক- সাহিত্যমেলা (অষ্টম শ্রেণি):

বোঝাপড়া থেকে অষ্টম পাঠ: সুভা পর্যন্ত। (পৃষ্ঠা নম্বর: ১ থেকে ১৬৩)

২. ব্যাকরণ: ক) ধ্বনি পরিবর্তন খ) দল বিশ্লেষণ গ) পদ ও পদের শ্রেণি বিভাগ ঘ) ক্রিয়াপদ ঙ) সমাস চ) সন্ধি।

৩. নির্মিতি অংশ: ক) বাংলা প্রবাদ, খ) প্রবন্ধ রচনা।

### English

1. Text Book- Blossoms (for Class VIII) : Revision Lesson + Lesson 1 (The Wind Cap) to Lesson 10 (Tales of Childhood)
2. Reading Comprehension : Comprehension test an unseen passage will be given.
3. Grammar : i) Articles and Prepositions ii) Tense iii) Voice iv) Narration v) Parts of Speech in details (Noun, Pronoun, Verb) vi) Clause and its kinds vii) Transformation of Sentences (Simple, Complex, Compound, Degree, Change of Part of Speech).
4. Vocabulary : i) Synonym ii) Antonym iii) One-word Substitution iv) Prefixes and Suffixes.
4. Writing : i) Paragraph ii) Process Writing.

### গণিত

পাঠ্যপুস্তক- গণিত প্রভা (অষ্টম শ্রেণি):

সূচিপত্রে উল্লিখিত অধ্যায় সমূহ: মূলদ সংখ্যার ধারণা, বীজগাণিতিক সংখ্যামালার গুণ ও ভাগ। ঘনফল নির্ণয়। পূরক কোণ, সম্পূরক কোণ ও সন্নিহিত কোণ, বিপ্রতীপ কোণের ধারণা, ত্রৈরাশিক, শতকরা, মিশ্রণ, বীজগাণিতক সংখ্যামালার উৎপাদকে বিশ্লেষণ, বীজগাণিতক সংখ্যামালার ল.সা.গু ও গ.সা.গু, বীজগাণিতিক সংখ্যামালার সরলীকরণ, সময় ও কার্য, সমীকরণ গঠন ও সমাধান, জ্যামিতিক প্রমাণ।

### জীবন বিজ্ঞান

পাঠ্য পুস্তক- পরিবেশ ও বিজ্ঞান (অষ্টম শ্রেণি):

১. মহামারি: কলেরা, ম্যালিরিয়া, ডেঙ্গি, প্লেগ, স্মলপক্স, কালাজ্বর, ডায়রিয়া, যক্ষা, হেপাটাইটিস, ইনফ্লুয়েঞ্জা, AIDS।

২. জীবদেহের গঠন।

৩. অণুজীবের জগৎ।

৪. অন্তঃক্ষরা তন্ত্র ও বয়ঃসন্ধি।

৫. জীববৈচিত্র্য, পরিবেশের সংকট ও বিপন্ন প্রাণী সংরক্ষণ: এই অধ্যায়ের কেবলমাত্র এই নির্বাচিত অংশসমূহ: বন, সমুদ্রের নীচের জীবন, বন্যপ্রাণী সংরক্ষণ, কয়েকটি বিপন্ন বন্যপ্রাণী ও তাদের সংরক্ষণ।

### ভৌত বিজ্ঞান

পাঠ্য পুস্তক- পরিবেশ ও বিজ্ঞান (অষ্টম শ্রেণি):

1. ভৌত পরিবেশ: বল ও চাপ, স্পর্শ ছাড়া ক্রিয়াশীল বল, তাপ, আলো।
2. মৌল, যৌগ ও রাসায়নিক বিক্রিয়া: পদার্থের প্রকৃতি, পদার্থের গঠন, রাসায়নিক বিক্রিয়া, তড়িতের রাসায়নিক প্রভাব।
3. কয়েকটি গ্যাসের পরিচিতি।
4. কার্বন ও কার্বনঘটিত যৌগ।

### সাধারণ জ্ঞান-বিজ্ঞান ও ইসলাম পরিচিতি

সাধারণ জ্ঞান ও মানসিক পারদর্শিতা, ইসলাম ধর্ম সম্পর্কিত সাধারণ জ্ঞান, সাম্প্রতিক প্রসঙ্গ, খেলাধূলা।

**ভর্তি পরীক্ষায় ৫০% মার্কস পেলেই পরীক্ষার্থী উত্তীর্ণ বলে বিবেচিত হবে। ভর্তি পরীক্ষায় ৮০% মার্কস পেলে তবেই কনসেশনের জন্য আবেদন করা যাবে। বিদ্যালয়ের বাৎসরিক পরীক্ষাতেও ন্যূনতম ৮০% নম্বর পেতে হবে। তবেই প্রাপ্ত কনসেশন বলবৎ থাকবে।**

## বিদ্যালয়ের সাধারণ নিয়মাবলী:

- অভিভাবকরা স্কুলের সমস্ত নিয়মাবলী মানতে বাধ্য থাকবেন। এই নিয়মাবলী বিভিন্ন সময়ে পরিবর্তিত বা সংশোধিত হতে পারে।
- ছাত্র-ছাত্রীদের লেখাপড়া, পরীক্ষা এবং ক্লাসে অগ্রগতি, আচার-আচরণ ও তার সার্বিক উন্নতিসাধনে প্রতিটি বিষয়েই স্কুল কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত।
- অভিভাবকদের যখন-তখন স্কুলে উপস্থিতি ও প্রয়োজনের সময় অনুপস্থিতি শৃঙ্খলাভঙ্গ হিসাবে বিবেচিত হবে।
- অভিভাবকরা যখন-তখন প্রধান শিক্ষক বা স্কুল কর্তৃপক্ষের সঙ্গে সাক্ষাত করতে পারবেন না।
- ছাত্র-ছাত্রীর পড়াশুনো সংক্রান্ত কোনো আলোচনা থাকলে তা অবশ্যই প্রথমে ক্লাস টিচারের সঙ্গে আলোচনা করতে হয়। তারপর প্রয়োজনে প্রধান শিক্ষক বা স্কুল কর্তৃপক্ষের সঙ্গে সাক্ষাত করতে পারবেন।
- হস্টেল সংক্রান্ত কোনো সমস্যা শিক্ষককে না জানিয়ে সরাসরি হস্টেল সুপারকে জানাতে হবে।
- প্রত্যেক আবাসিক শিক্ষার্থীকে অবশ্যই জমায়াতের সঙ্গে নামাজ পড়তে হয়।

# হস্টেলের নিয়মাবলী:

## আহার:

- বাড়ন্ত বাচ্চাদের কথা মাথায় রেখে যথাযথ পুষ্টিকর খাদ্য পরিবেশন করা হয়।
- সারাদিনে পাঁচ (৫) বার প্রয়োজন মতো খাবার দেওয়া হয় যাতে অভিভাবকদের বাইরের খাবার দেওয়ার প্রয়োজন না হয়।
- সাধারণত ছাত্র-ছাত্রীদের খাওয়া-দাওয়া ভোজনালয়েই (Dining Hall) সম্পন্ন করতে হয়।
- যদি কোনো ছাত্রের খাবারে Allergy বা বিশেষ কোনো অভ্যাস/অসুখ থাকে তাহলে ভর্তির সময় স্বাস্থ্যগত তথ্যাবলীর ফর্মে (Medical Information Form) অভিভাবককে তা উল্লেখ করতে হয়।
- অভিভাবকরা হস্টেলে রেখে খাওয়ার জন্য কোনো প্রকার খাবার ছাত্র-ছাত্রীকে দিতে পারবেন না।

## চিকিৎসা ও ব্যয়ভার:

- কোনো ছাত্র-ছাত্রীর অসুখ-বিসুখে পড়লে হস্টেলেই প্রাথমিক চিকিৎসার ব্যবস্থা আছে।
- হস্টেলে চিকিৎসার পরেও সুরাহা না হলে অথবা হঠাৎ কোনো কঠিন অসুখ-বিসুখ হলে বিশেষজ্ঞ ডাক্তারের কাছে পাঠানো হয়।
- উভয় ক্ষেত্রে খরচের হিসাব ছাত্রদের ডায়েরিতে তুলে দেওয়া হয়।
- অভিভাবককে মাসিক ফিজ দেওয়ার সময় চিকিৎসার খরচও অবশ্যই পরিশোধ করতে হয়।

## সাধারণ বিষয়সমূহ:

- ছাত্র-ছাত্রীদের জামাকাপড় সাধারণত নিজেদেরকেই কেচে নিতে হয়।
- প্রতিটি ছাত্র-ছাত্রীর সমস্ত জিনিসপত্রের উপর পরিষ্কারভাবে ছাত্র-ছাত্রীর Registration Number লিখতে হয়।
- কোনো ছাত্র-ছাত্রী হস্টেলে দামি ঘড়ি, সোনার জিনিস, ক্যামেরা, রেডিও, টেপ-রেকর্ডার, মোবাইল ফোন, টাকা-পয়সা ইত্যাদি রাখতে পারবে না।
- কোনো ছাত্র-ছাত্রী ইচ্ছাকৃতভাবে স্কুলের জিনিসপত্র নষ্ট করলে সেই জিনিসের মূল্যের ৫ গুণ বেশি ক্ষতিপূরণ দিতে হবে।
- কোনো সময় অভিভাবক বা তার অনুমোদিত ব্যক্তি ছাড়া কারও কাছে ছাত্র-ছাত্রী হস্তান্তর করা হয় না।
- কোনো ছাত্র স্থায়ীভাবে হস্টেল ছেড়ে চলে যাওয়ার সময় সমস্ত জিনিসপত্র না নিয়ে গেলে স্কুল কর্তৃপক্ষ দায়ী নয়।



২০২৫ সালের শিক্ষক দিবসে বিখ্যাত শিক্ষাবিদ শান্তিনিকেতন বিশ্বভারতীর স্বনামধন্য অধ্যাপক ড. সিরাজুল ইসলাম সাহেবকে সংবর্ধনা জানানো হয়।

## অভিভাবকদের সাক্ষাৎ ও টেলিফোন করার দিন:

- অভিভাবকরা মাসে দু'টি নির্দিষ্ট রবিবার সকাল ১১টা থেকে বিকেল ৩টা পর্যন্ত ছাত্র-ছাত্রীদের সঙ্গে সাক্ষাৎ করতে পারবেন।
- কেবল অনিবার্য কোনো কারণ বা প্রয়োজনে অভিভাবকরা ছাত্র-ছাত্রীদের সঙ্গে সপ্তাহে শুধু শনিবার ও রবিবার টেলিফোনে কথা বলতে পারবেন। সময়- শনিবার বিকাল ৩টা থেকে বিকাল ৫টা এবং রবিবার সকাল ১০টা থেকে বিকাল ৫টা পর্যন্ত।
- অভিভাবকরা একটানা ৫ মিনিটের বেশি ফোনে কথা বলতে পারবেন না। তাছাড়া অভিভাবকরা অন্যদিনে স্কুলের অফিসে ফোন করে তাদের জিজ্ঞাস্য বিষয় জানতে পারবেন।
- স্কুলের অফিসে ফোন করার সময় সকাল ১১টা থেকে বিকেল ৫টা পর্যন্ত।
- নামাজ চলাকালীন এবং অনিবার্য কারণ বা প্রয়োজনে ফোনের সুইচ অফ থাকবে।
- বিশেষ ক্লাস, অনুষ্ঠান, সেমিনার চলাকালীন ফোন দেওয়া হবে না।
- ছাত্র-ছাত্রীদের সঙ্গে কথা বলার জন্য ফোন নম্বর – ৯৫৬৪৯০০১১৪ (বয়েজ) / ৯৫৬৪৯০০১০৩ (গার্লস)।

# FEE STRUCTURE 2027

## ADMISSION FEE

| Sl. | Class | Non-Residential | Residential for Boys | Residential for Girls |
|---|---|---|---|---|
| 01 | Class V & VI | 6000.00 | 23,000.00 | 24,000.00 |
| 02 | Class VII & VIII | 7000.00 | 24,000.00 | 25,000.00 |
| 03 | Class IX | 8000.00 | 25,000.00 | 26,000.00 |
| 04 | Class XI (Sc) | 10,000.00 | 26,000.00 | 27,000.00 |

Re-Admission Fee : 40% of the above mentioned Admission Fee

## MONTHLY FEE (HOSTELLERS)

| Sl. | Class | School Fees | Hostel Fees for Boys | Hostel Fees for Girls | Coaching Fees | Electric Charge | Total/Month for Boys | Total/Month for Girls |
|---|---|---|---|---|---|---|---|---|
| 01 | Class V & VI | 1100.00 | 2700.00 | 2800.00 | 600.00 | 200.00 | 4,600.00 | 4,700.00 |
| 02 | Class VII & VIII | 1200.00 | 2700.00 | 2800.00 | 700.00 | 200.00 | 4,800.00 | 4,900.00 |
| 03 | Class IX | 1200.00 | 2700.00 | 2800.00 | 900.00 | 200.00 | 5,000.00 | 5,100.00 |
| 04 | Class X | 1300.00 | 2700.00 | 2800.00 | 1000.00 | 200.00 | 5,200.00 | 5,300.00 |
| 05 | Class XI (Sc) | 1800.00 | 2700.00 | 2800.00 | 1000.00 | 200.00 | 5,700.00 | 5,800.00 |

## MONTHLY FEE (DAY SCHOLAR / DAY BOARDING)

| Sl. | Class | School Fees | Electric Chrg. | Total (D/S) | Food Charge | Coaching Fee | Total (D/B) |
|---|---|---|---|---|---|---|---|
| 01 | Class V & VI | 1100.00 | 100.00 | 1200.00 | 1200.00 | 600.00 | 3000.00 |
| 02 | Class VII & VIII | 1200.00 | 100.00 | 1300.00 | 1200.00 | 700.00 | 3200.00 |
| 03 | Class IX | 1400.00 | 100.00 | 1500.00 | 1200.00 | 800.00 | 3500.00 |
| 04 | Class X | 1500.00 | 100.00 | 1600.00 | 1200.00 | 1000.00 | 3800.00 |
| 05 | Class XI (Sc) | 1800.00 | 100.00 | 1900.00 | 1200.00 | 1000.00 | 4100.00 |

## জেলা ভিত্তিক পরীক্ষাগ্রহণ কেন্দ্র

| | | |
|---|---|---|
| ১) | ফ্রন্টপেজ অ্যাকাডেমি | দেওয়ানআটি, দেগঙ্গা, উত্তর ২৪ পরগণা, মোঃ ৯৫৬৪৯০০১১৪ |
| ২) | ফ্রন্টপেজ গার্লস অ্যাকাডেমি | দেওয়ানআটি, দেগঙ্গা, উত্তর ২৪ পরগণা, মোঃ ৯৫৬৪৯০০১০৩ |
| ৩) | রাজাপুর এফ. পি. স্কুল | ভেবিয়া, হাসনাবাদ, উত্তর ২৪ পরগণা, মোঃ ৯৭৩২৬৬৮৩৭৪ |
| ৪) | সুন্দরবন এইচ.এম.টি.এ. হাই মাদ্রাসা | নাড়াবুনিয়া, মীনাখাঁ, উঃ ২৪ পরগণা, মোঃ ৯৭৩২৪৯৩০২১ |
| ৫) | নবোদয় চিলড্রেন অ্যাকাডেমি | রামপুর বাসস্টান্ড, সন্দেশখালি, উঃ ২৪ পরগণা, মোঃ ৮৬২৯৯২২১৬১ |
| ৬) | স্বরূপনগর সিনিয়র মাদ্রাসা | তেঁতুলিয়া, স্বরূপনগর, উত্তর ২৪ পরগণা। ড. ইসাহাক মন্ডল, মোঃ ৯৭৩৫৭৬০৮০৫ |
| ৭) | শিশুমন মডেল মিশন | উস্তি, দক্ষিণ ২৪ পরগণা। জনাব কুতুবুদ্দিন লস্কর, মোঃ ৯১৫৩৩৩২৫৫৪ |
| ৮) | আজাদ চিলড্রেন অ্যাকাডেমি | বদুকুলা, হেড়োভাঙ্গা, ক্যানিং, দঃ ২৪ পরগণা। আকরম হোসেন, মোঃ ৯৭৩২৪০৯১৬৭ |
| ৯) | মুক্তধারা কিন্ডারগার্টেন | বাসন্তী বাজার, দক্ষিণ ২৪ পরগণা। আবুল কালাম মোল্লা, মোঃ ৯৭৩৩৮২১২৬৮ |
| ১০) | ভাঙড় হাই মাদ্রাসা | ভাঙড় কলেজের সামনে, দক্ষিণ ২৪ পরগণা। গোলাম রহমান, মোঃ ৯৮৩১৭২৯২০৪ |
| ১১) | নজরুল স্মৃতি জুনিয়র হাই মাদ্রাসা | নাগাদী (কালীনগর রেল গেট), নদীয়া মনিরুল হক, মোঃ ৯৯৩২০৬৭০৩৩ |

## নিম্নলিখিত কেন্দ্রগুলি থেকে ফর্ম পাওয়া যাবে

### উত্তর ২৪ পরগণা

**ফ্রন্টপেজ অ্যাকাডেমি**, মোবাঃ ৯৫৬৪৯০০১১৪/৯৭৩২৮১৮৬৮৮

**আল্-আমিন ষ্টোর্স**, আর. এন. রোড, বসিরহাট, মোবাঃ ৯৭৩২৭২২১০৬

**পথের সম্বল লাইব্রেরী**, হাড়োয়া বাজার, মোবাঃ ৯০৬৪০৯২৮৩১

**লাইফ গার্ড ক্লিনিক**, নাটাবেড়িয়া, বনগাঁ, মোবাঃ ৯৫৬৪০৬৫৬৭৬

**গুমা পেপার কর্ণার**, গুমা চৌমাথা, মোবাঃ ৯১৪৩৩৯৩০০৬

**ডাঃ মহম্মদ আলী**, কাজীপাড়া, বারাসত, মোবাঃ ৯৪৩৩৯৩৫০২৯

**মাষ্টার মেডিকেল সেন্টার**, মালঞ্চবাজার, মোঃ ৯৭৩২৯৩৩০১৮

**আলেয়া মেডিকেল সেন্টার**, আব্দুলপোতা বাজার, বসিরহাট, মোঃ ৮৩৪৮২৩৫৫৬২

**পারিজাত পুস্তকালয়**, (বাবর হোসেন) খড়িবাড়ী বাজার, মোবাঃ ৯৮৩৬৬৫৯৩৯৬

**রফিকুল ইসলাম**, নেতাজি লাইব্রেরী, ভেবিয়া, মোবাঃ ৯৭৩২৬৬৮৩৭৪

**জসিম মোল্লা**, রিফা অটো মোবাইল, বিষ্ণুপুর শাখা, মোবাঃ ৬২৯১৮২৭৯৮৫

**আশরাফ জমাদার**, চুটকিয়া, নাড়াবুনিয়া, মিনাখাঁ, মোঃ ৯৭৩২৪৯৩০২১

**নবোদয় চিলড্রেন অ্যাকাডেমি**, রামপুর বাসস্ট্যান্ড, সন্দেশখালি, মোঃ ৮৬২৯৯২২১৬১

**ডা. ইসাহাক মন্ডল**, পূর্ব পলতা, স্বরূপনগর, মোবাঃ ৯৭৩৫৭৬০৮০৫

**জনাব আবুজার গাজী**, চকপাটলী বাজার, হাসনাবাদ, মোবাঃ ৯৮০০৪৮০৯৭৮

**রহমানিয়া বোরখা ঘর**, আমিনপুর বাজার, শাসন, মোবাঃ ৯৬০৯৩২৫৪৪৩

### দক্ষিণ ২৪ পরগণা

**সাগরিকা লাইব্রেরী**, ভাঙড় বিজয়গঞ্জ বাজার, মোবাঃ ৯৭৩৫২৮০৪৬৭

**এম. এম. টেলার্স**, মোঃ মহিউদ্দিন, শোনপুর মসজিদের পাশে, মোবাঃ ৮৩২৭৮৮৭৪৪৩

**নিউ টাইম সেন্টার**, বাসন্তী বাজার মেন রোড, মোবাঃ ৯৭৩৩৮২১২৬৮

**টি. কে. ডিজিটাল সাউন্ড**, (মহ. আলি) বিবির আইট, মোবাঃ ৭৬৯৯৯১৬৮২৩

**ফিরদৌস মেডিকেল হল**, খুঁচিতলা, জীবনতলা বাজার, মোবাঃ ৭৯০৮২১৭১৬৯

**ফ্রন্টপেজ ক্রিয়েটিভ কিডস**, বেতবেড়িয়া স্টেশন সংলগ্ন, মোবাঃ ৬২৯০৪৪১৬৪৬

**শিশুমন মডেল মিশন**, কেঁশিলী, উস্তি, মোবাঃ ৮৬০৯৯৬১৮০৪

**আব্দুল কাদের ও রেজাউল হালদার**, হেড়োভাঙ্গা বাজার, ক্যানিং, মোবাঃ ৯৭৩৩৬৮৬৮২৬/৮০০১৬৯৩১২৬

**সহজ তথ্যমিত্র কেন্দ্র**, হাট পুকুরিয়া, ক্যানিং, মোবাঃ ৯৭৩৩৬৬১৯০৯

**মামনি সুইটস্**, কুড়ালী বাজার, ক্যানিং রোড, বারুইপুর, মোবাঃ ৯৮০০৫৮১১৮৯

### কোলকাতা

**ডাঃ জহিরুল ইসলাম**, ডাক্তারপাড়া, মেটিয়াব্রুজ, মোবাঃ ৯৩৩০৯৪৫৫৩৩

**খলিল মল্লিক**, ২নং গ্রাণ্ড স্ট্রীট, ধর্মতলা, মোবাঃ ৯৮৩৬১৬৩৬৬৮

**ইএমই অ্যাকাডেমি**, কাজী সুমন, নিউটাউন, মোবাঃ ৮০১৭৭৭৬৯৫৭

### পূর্ব মেদিনীপুর

**সেখ ফজলুর রহমান** গোপালনগর, কোলাঘাট, মোঃ - ৯৭৩২৭৩০৮৬৫

### হাওড়া

**নবজীবন শিক্ষা নিকেতন**, মোল্লা পাড়া, পাঁচপাড়া, মোঃ - ৯৬৭৪৯৬৬৭১১

### নদীয়া

**আরফান সাহেব**, দেবগ্রাম, মোবাঃ ৭৪৭৭৪০৮৪০৭

**রাজিয়া পেপার এণ্ড গিফট্ হাউস** ধুবি-নাগাদি, মোবাঃ ৯৯৩২০৬৭০৩৩

**ডাঃ বসির আহমেদ**, ফুলবাগান রোড, পলাশী, মোবাঃ ৯৬৪৭২৪৬৬২৮

**স্টুডেন্টস্ বুক হাউস**, পলশুন্ডা, মোবাঃ ৯৭৩৩৫৭৯০২৮

**জিব্রাইল শেখ**, বড় নলদা, মোবাঃ ৯৬০৯৬৮৯০৯৬

### মুর্শিদাবাদ

**আবুল হোসেন মোল্লা**, ভাবতা, মোবাঃ ৯৭৩২৫৪৫৫৭৮

**নিউ বুক হাউস**, ভগবানগোলা গার্লস হাইস্কুলের পার্শ্বে, মোবাঃ ৯৬৪১০৫৬৩১৫

**বর্ণপরিচয়**, জঙ্গীপুর (ব্রীজ), মোবাঃ ৯৯৩৩১০৮৭৮১

**আব্দুল্লাহ এন্টারপ্রাইজ**, ঔরঙ্গবাদ, মোবাঃ ৯৪৩৪৮৫৩৯৪৭

**জামান টেলার্স**, সম্রাট মার্কেট, লালগোলা, মোবাঃ ৯৭৩৩৮৭৬৬৮৯

### বীরভূম

**মাও. সিরাজুল হক**, রামপুরহাট হাই মাদ্রাসা, মোবাঃ ৯৮৩৬৫৫৭৪৮৫

**মডার্ণ বুক সেন্টার**, লোহাপুর, নলহাটি, মোবাঃ ৯৭৩২৫৯০১৯০

### মালদা

**নূর ষ্টোর্স**, মহম্মদ ফরিজুদ্দিন, কালিয়াচক, মোবাঃ ৯৮৫১১২৩৪৬৭

**সামসি বুক সেন্টার**, রতনপুর, সামসি, মোবাঃ ৯৪৩৪৩৫৫৫০০

**ফিরোজ আখতার**, মহারাজনগর, রতুয়া, মোবাঃ ৯৭৩৩১৭০৮৭৩



ফ্রন্টপেজ এডুকেশনাল গ্রুপের বিভিন্ন প্রতিষ্ঠানের বিভাগীয় প্রধানদের অ্যাকাডেমিক আলোচনা সভা।



অ্যাকাডেমির অভ্যন্তরীণ ফুটবল প্রতিযোগিতায় বিজয়ী দল।



Abacus এর রাজ্য ও জাতীয় কৃতিদের সংবর্ধনা অনুষ্ঠান।
ফ্রন্টপেজ কলেজ অডিটোরিয়ামে



স্বাধীনতা দিবসে ছাত্রদের প্যারেড প্রদর্শন।



ফ্রন্টপেজ ক্যাম্পাসে রমযান মাসে ইফতার মজলিশের আয়োজন।

## নানা কাজে প্রাক্তনীরা



**ড. মহ. ইরফান হাবিব**
গবেষক
টেকনিক্যাল ইউনিভার্সিটি অফ মিউনিখ (জার্মানি)

আমার সাফল্যের পিছনে ফ্রন্টপেজ অ্যাকাডেমির অমূল্য অবদান অনস্বীকার্য। ফ্রন্টপেজ অ্যাকাডেমির পড়াশোনা এবং মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিকে ৯০ শতাংশের উপরে মার্কস আমাকে যাদবপুর বিশ্ববিদ্যালয় থেকে গণিতে অনার্সসহ ব্যাচেলর ও মাস্টার ডিগ্রিতে জোড়া স্বর্ণপদক অর্জন করতে সহায়তা করেছে। বর্তমানে টেকনিক্যাল ইউনিভার্সিটি অফ মিউনিখ (জার্মানি) এ গবেষণা করছি।



**ডা. নজিবুল হাসান মিস্ত্রি**
জেনারেল ফিজিশিয়ান
এম.বি.বি.এস, মুর্শিদাবাদ মেডিকেল কলেজ

ফ্রন্টপেজ অ্যাকাডেমিতেই আমার সাফল্যের সিঁড়ির সন্ধান পেয়েছিলাম। বর্তমানে আমি কানাপুকুর রুরাল হাসপাতালে মেডিকেল অফিসার হিসাবে কর্মরত। বাড়ির বাইরে বার হওয়া থেকে স্বপ্নপূরণ পর্যন্ত জীবনের এই কঠিন রাস্তা পার হওয়ার কৌশল ও দক্ষতা আমি ফ্রন্টপেজ অ্যাকাডেমি থেকেই পেয়েছি।



শেখ ইফতিকার আহমেদ (বিএসএফ)



আমার স্বপ্নপূরণ ও সাফল্যের পথে এগিয়ে যাওয়ার সুযোগ করে দেওয়ার জন্য আমি ফ্রন্টপেজ একাডেমির কাছে কৃতজ্ঞ। শিক্ষার্থীদের প্রতি এই প্রতিষ্ঠানের শিক্ষকদের নিষ্ঠা ও একাগ্রতা সত্যিই প্রশংসনীয়।

দেশপ্রেম ও সম্মানের এমন একটি পেশার সাথে যুক্ত হতে পেরে আমি অত্যন্ত আনন্দিত।

ইন্তাজুল শেখ



শেখ সাদিক আহমেদ (বিএসএফ)



জুয়েল শেখ (রাজ্য পুলিশ)




## ২০২৬ সালের মাধ্যমিকের সফল ছাত্র ছাত্রী


মোর্তজা মল্লিক
প্রাপ্ত মার্কস- ৬৭১



শাহরিয়াজ মন্ডল
প্রাপ্ত মার্কস- ৬৫০


সায়িদ আকতার
প্রাপ্ত মার্কস- ৬২৮


তৌফিক আলম
প্রাপ্ত মার্কস- ৬২৬


মহ. মোজাফফার শেখ
প্রাপ্ত মার্কস- ৬২৩


মহ. রিজুয়ান লস্কর
প্রাপ্ত মার্কস- ৬১৯


তামান্না সুলতানা
প্রাপ্ত মার্কস- ৬২০

## বিগত কয়েক বছরের মাধ্যমিকের সর্বোচ্চ ফল


২০২২ সাল
শেখ নাঈমউদ্দিন
প্রাপ্ত মার্কস- ৬৪২


২০২৩ সাল
জাভেদ আখতার
প্রাপ্ত মার্কস- ৬২৫


২০২৪ সাল
মেহেবুব মন্ডল
প্রাপ্ত মার্কস- ৬০১

বালকদের মধ্যে প্রথম


২০২৫ সাল
আবু রাইহান
প্রাপ্ত মার্কস- ৬৪০

বালকদের মধ্যে দ্বিতীয়


২০২৫ সাল
মিসবাউর রসুল
প্রাপ্ত মার্কস- ৬৩৩

বালিকাদের মধ্যে প্রথম


২০২৫ সাল
আতিকা খাতুন
প্রাপ্ত মার্কস- ৬১৭

## প্রাক্তনীদের কলমে.....


ডাঃ আব্দুল হাই আল হাদি
এম.বি.বি.এস (জেনারেল ফিজিসিয়ান)
পাচগ্রাম হাসপাতালে কর্মরত।

জীবনের লক্ষ্য উদ্দেশ্য কোনটাই ঠিক ছিল না। ফ্রন্টপেজ অ্যাকাডেমি আমাকে স্বপ্ন দেখিয়েছিল, সেই স্বপ্ন পূরনের রাস্তা দেখিয়েছিল। স্যারদের থেকে অসম্ভব রকমের অনুপ্রেরণা পেয়েছিলাম। স্যারদের জন্য এবং প্রতিষ্ঠানের জন্য অনেক অনেক ভালোবাসা।


ডাঃ তাহের উদ্দিন মোল্লা
এম.বি.বি.এস

আমার স্বপ্ন এবং সাফল্য অর্জনের সুযোগ দেওয়ার জন্য আমি ফ্রন্টপেজ অ্যাকাডেমির প্রতি কৃতজ্ঞ। ছাত্রের প্রতি স্কুলের শিক্ষকদের নিষ্ঠা প্রশংসনীয়।